গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মু্ন্সীগঞ্জ
www.dae.munshiganj.gov.bd

## জেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | সৈয়দা নুরমহল আশরাফী<br>জেলা প্রশাসক |
| সভার তারিখ | ১০/০৬/২০২৬ |
| সভার সময় | বিকাল ৩.০০ ঘটিকা |
| স্থান | জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ মহোদয়ের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট ‘ক’ |

সভাপতি, উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর উপপরিচালক, কৃষি সম্প্রাসারণ অধিদপ্তর, মুন্সীগঞ্জ, কৃষি মন্ত্রণালয় উপকরন-২ শাখার ০১-০৬-২০২৬ খ্রি. তারিখে ১২.০০.০০০০.০২৬.৩৮.০০৩.২২.১৬৩ স্মারক এবং ০৪-০৬-২০২৬ খ্রি. তারিখে ১২.০০.০০০০.০২৬.৩৮.০০২.২২.১৭৭ স্মারকে প্রাপ্ত পত্র গুলো সভায় উপস্থাপন করেন। তিনি জানান, সরকার কৃষি প্রণোদনার আওতায় কৃষকদের মাঝে ২০২৫-২৬ অর্থবছরে রোপা আমন ধানের (উফশী জাত) বীজ ও সার সহায়তার মাধ্যমে আবাদ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বীজ ও সার বিতরণ কর্মসূচি এবং সরকারের নির্বাচনী অঙ্গীকার বাস্তবায়নের লক্ষ্যে ২০২৫-২৬ অর্থবছরে কৃষি পুনর্বাসন সহায়তা মাধ্যমে বৃক্ষরোপণ কর্মসূচির আওতায় গাছ/বৃক্ষের চারা, সার ও অন্যান্য উপকরণ বিতরণ কর্মসূচি গ্রহণ করেছে। সভায় এ জেলায় কৃষি প্রণোদনা বাস্তবায়ন বিষয়ে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

<table>
<tr><th>ক্র. নং</th><th>বিষয় ও আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td>১</td><td>রোপা আমন ধানের (উফশী জাত) বীজ ও সার বিতরণ কর্মসূচিঃ<br>উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মুন্সীগঞ্জ বলেন, সরকার খরিপ মৌসুমে রোপা আমন ধানের (উফশী জাত) আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কৃষি প্রণোদনার আওতায় ক্ষুদ্র ও প্রন্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার বিতরণ কর্মসূচির গ্রহণ করেছে। এ জেলার ৪৬০০ জন কৃষক প্রত্যেকে বিনামূল্যে রোপা আমন ধানের (উফশী জাত) ০৫ কেজি বীজ ও ১০ কেজি ডিএপি, ১০ কেজি এমওপি সার সহায়তা পাবে। কর্মসূচিতে অন্তর্ভুক্ত ফসল আবাদে আগ্রহী কৃষকদের তালিকা প্রস্তুত করে উপকরণ বিতরণ করতে হবে। সভায় এ জেলায় কৃষি প্রণোদনা বাস্তবায়ন বিষয়ে বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>০১। নীতিমালার আলোকে মুন্সীগঞ্জ জেলায় ৪৬০০ জন কৃষক প্রত্যেকে ১ বিঘা জমি চাষের জন্য বিনামূল্যে রোপা আমন ধানের (উফশী জাত) ৫ কেজি বীজ ও ১০ কেজি ডিএপি, ১০ কেজি এমওপি সার সহায়তা পাবে।<br>০২। কর্মসূচিতে বরাদ্দকৃত ফসল আবাদে আগ্রহী কৃষক নির্বাচন করতে হবে।<br>উপজেলা ভিত্তিক বিভাজন নিম্নরূপঃ
<table>
<tr><th>উপজেলার নাম</th><th>উপকারভোগী কৃষক সংখ্যা</th><th>বরাদ্দকৃত টাকা</th></tr>
<tr><td>মু.সদর</td><td>৬০০</td><td>3,61,500/-</td></tr>
<tr><td>টংগিবাড়ী</td><td>৪০০</td><td>2,41,000/-</td></tr>
<tr><td>শ্রীনগর</td><td>৪৫০</td><td>2,71,125/-</td></tr>
<tr><td>সিরাজদিখান</td><td>২০০০</td><td>12,05,000/-</td></tr>
<tr><td>লৌহজং</td><td>৭৫০</td><td>4,51,875/-</td></tr>
<tr><td>গজারিয়া</td><td>৪০০</td><td>2,41,000/-</td></tr>
<tr><td>মোট-</td><td>৪৬০০</td><td>27,71,500/-</td></tr>
</table></td><td>সভাপতি / সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি ,মুন্সীগঞ্জ।</td></tr>
</table>

<table>
<tr>
<td>২</td>
<td>কৃষি প্রণোদনার আওতায় বৃক্ষরোপণ কর্মসূচিঃ<br>উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মুন্সীগঞ্জ জানান, সরকারের নির্বাচনী অঙ্গীকার বাস্তবায়নের লক্ষ্যে ২০২৫-২৬ অর্থবছরে কৃষি পুনর্বাসন সহায়তা খাতে বৃক্ষরোপণ কর্মসূচির আওতায় বিনামূল্যে গাছ/বৃক্ষের চারা, জৈব সার ও বাঁশের খুঁটি বিতরণ কর্মসূচি গ্রহণ করেছেন। এ জেলার প্রত্যেক কৃষক/প্রতিষ্ঠানে ৫ টি গাছ/বৃক্ষের চারা, প্রতি গাছ/বৃক্ষের জন্য ৩০ কেজি জৈব সার এবং ১ টি করে বাঁশের খুঁটিসহ সর্বমোট ১৩১০০ টি গাছ/বৃক্ষের চারা বিতরণ করা হবে। এ কর্মসূচির সকল উপকরণ প্রতিষ্ঠান প্রধান/কৃষক নিজে গ্রহণ করবেন।</td>
<td>০১। নীতিমালার আলোকে মুন্সীগঞ্জ জেলায় প্রত্যেক কৃষক/প্রতিষ্ঠানে বিনামূল্যে ৫ টি গাছ/বৃক্ষের চারা, প্রতি গাছ/বৃক্ষের জন্য ৩০ কেজি জৈব সার এবং ১ টি করে বাঁশের খুঁটিসহ সর্বমোট ১৩১০০ টি গাছ/বৃক্ষের চারা বিতরণ করতে হবে।<br><br>০২। এ কর্মসূচির সকল উপকরণ কৃষক/প্রতিষ্ঠান প্রধান নিজে গ্রহণ করবেন।<br><br>উপজেলা ভিত্তিক বিভাজন নিম্নরূপঃ
<table>
<tr><th>উপজেলার নাম</th><th>চারার সংখ্যা</th><th>বরাদ্দকৃত টাকা</th></tr>
<tr><td>মু.সদর</td><td>২১৫০</td><td>6,29,500/-</td></tr>
<tr><td>টংগিবাড়ী</td><td>২৩০০</td><td>6,73,000/-</td></tr>
<tr><td>শ্রীনগর</td><td>২৪৫০</td><td>7,16,500/-</td></tr>
<tr><td>সিরাজদিখান</td><td>২৪৫০</td><td>7,16,500/-</td></tr>
<tr><td>লৌহজং</td><td>১৯০০</td><td>5,56,500/-</td></tr>
<tr><td>গজারিয়া</td><td>১৮৫০</td><td>5,42,500/-</td></tr>
<tr><td>মোট-</td><td>১৩১০০</td><td>38,34,500/-</td></tr>
</table></td>
<td>সভাপতি / সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি ,মুন্সীগঞ্জ।</td>
</tr>
<tr>
<td>৩</td>
<td>রাদ্দকৃত টাকা অগ্রিম উত্তোলন ও উপজেলা নির্বাহী অফিসারগণের অনুকূলে ছাড় করণ সংক্রান্তঃ<br>সদস্য সচিব বলেন, কৃষি প্রণোদনা কর্মসূচি বাস্তবায়নের জন্য কৃষি মন্ত্রণালয় হতে বর্ণিত পত্রে জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটির অনুকূলে বরাদ্দকৃত অর্থ অগ্রিম উত্তোলনের নির্দেশনা রয়েছে। সে মোতাবেক এ জেলার জন্য বরাদ্দকৃত অর্থ অগ্রিম উত্তোলন করে সকল উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটির বরাবর চেকের মাধ্যমে ছাড় করনের নির্দেশনা রয়েছে।</td>
<td>কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় মুন্সীগঞ্জ জেলায় ২০২৫-২৬ অর্থবছরে খরিপ মৌসুমে রোপা আমন ধানের (উফশী জাত) আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বীজ ও সার বিতরণ কর্মসূচি এবং সরকারের নির্বাচনী অঙ্গীকার বাস্তবায়নের লক্ষ্যে ২০২৫-২৬ অর্থবছরে কৃষি পুনর্বাসন সহায়তা খাতে বৃক্ষরোপণ কর্মসূচির বরাদ্দকৃত অর্থ অগ্রিম উত্তোলনপূর্বক উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটির বরাবর চেকের মাধ্যমে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>১। সভাপতি ও সদস্য সচিব, জেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি, মুন্সীগঞ্জ।<br><br>২। সভাপতি ও সদস্য সচিব, উপজেলা কৃষি পুর্নবাসন ও বাস্তবায়ন কমিটি, মুন্সিগঞ্জ।</td>
</tr>
<tr>
<td>৪</td>
<td>কর্মসূচি বাস্তবায়নে নির্দেশনা সংক্রান্তঃ<br>সভায় জানানো হয় যে, নির্বাচিত কৃষকদের অগ্রাধিকার তালিকা উপজেলা কৃষি পুনর্বাসন কমিটির মাধ্যমে অনুমোদনের পর কর্মসূচি বাস্তবায়নের নির্দেশনা রয়েছে। ব্লকের উপ-সহকারী কৃষি কর্মকর্তা এ কর্মসূচির জন্য মনোনীত (অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত) প্রত্যেক কৃষকের কৃষি উপকরণ সহায়তা কার্ডের ভর্তুকি অংশে যথাযথ ভাবে উপকরণের পরিমাণ লিপিবদ্ধ করে যথারীতি মাষ্টাররোল সংরক্ষণপূর্বক উপকরণ বিতরণ করবেন। মাষ্টাররোলে অবশ্যই বীজ ও সার গ্রহণকারী কৃষকের ষ্টাম্প সাইজের ছবি, জাতীয় পরিচয়পত্রের নম্বর ও মোবাইল নম্বর যুক্ত করতে হবে।</td>
<td>১। কৃষকদের অগ্রাধিকার তালিকা উপজেলা কৃষি পুনর্বাসন কমিটি কর্তৃক অনুমোদনের পর কর্মসূচি বাস্তবায়ন করতে হবে।<br>২। অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত নির্বাচিত কৃষকের উপকরণ সহায়তা কার্ডের মাধ্যমে বিতরণ করতে হবে এবং মাষ্টাররোলে কৃষকের ষ্টাম্প সাইজের ছবি , জাতীয় পরিচপত্রের নম্বর ও মোবাইল নম্বর যুক্ত করতে হবে।<br>৩। এ কর্মসূচির সকল উপকরণ উপজেলা সদর থেকে বিতরণ করতে হবে এবং কৃষক/প্রতিষ্ঠান প্রধান নিজে গ্রহণ করবেন।</td>
<td>১। উপপরিচালক কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মুন্সীগঞ্জ।<br><br>২। সদস্য সচিব, উপজেলা কৃষি পুর্নবাসন ও বাস্তবায়ন কমিটি, মুন্সিগঞ্জ।</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ৫ | **আর্থিক নির্দেশনা সংক্রান্তঃ** উপপরিচালক কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মুন্সীগঞ্জ জানান, সকল প্রকার ব্যয় ও সমন্বয় পিপিএ ২০০৬ এবং পিপিআর ২০২৫ অনুযায়ী যাবতীয় আর্থিক বিধি বিধান অনুসরণ করার নির্দেশনা রয়েছে। উপকরণ বিতরণ শেষ হওয়ার ১০ দিনের মধ্যে খরচের ব্যয় বিবরণী প্রেরণ করার জন্য তিনি উপজেলা কৃষি কর্মকর্তাদের অনুরোধ জানান । ৩০ জুনের পুর্বেই সমুদয় অর্থ সমন্বয় করে এবং কর্মসূচির যাবতীয় রেকর্ড পত্র অডিট এর জন্য উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব উপজেলা কৃষি পুনর্বাসন কমিটির দপ্তরে সংরক্ষণ করার জন্য তিনি অনুরোধ জানান। সভাপতি কর্মসূচির প্রকৃত সুফল প্রাপ্তির জন্য বিলম্ব না করে যথাসম্ভব দ্রুত এ কার্যক্রম বাস্তবায়ন করার জন্য, কৃষি মন্ত্রণালয়ের বরাদ্ধ পত্রে উল্লেখিত শর্তাবলির ৪ নং অনুচ্ছেদের ২, ৪, ৬, ৭, ৮, ৯, ১০, ১১ এবং ১২ নং বাস্তবায়ন পদ্ধতির নির্দেশনাসমূহ অনুসরণ করার জন্য নির্দেশনা প্রদান করেন। | ১। কর্মসূচি বাস্তবায়নের সকল প্রকার ব্যয় ও সমন্বয় পিপিএ ২০০৬ এবং পিপিআর ২০২৫ অনুযায়ী যাবতীয় সরকারি আর্থিক বিধি বিধান অনুসরণ করতে হবে ।<br>২। উপকরণ বিতরণ শেষ হওয়ার ১০ কর্ম দিবসের মধ্যে সমন্বয় বিবরণী প্রেরণ করতে হবে এবং সকল রেকর্ডপত্র অডিটের জন্য সংশ্লিষ্ট উপজেলা কৃষি অফিসারের দপ্তরে সংরক্ষণ করতে হবে ।<br>৩। সভাপতি, কর্মসূচির প্রকৃত সুফল প্রাপ্তির জন্য বিলম্ব না করে যথাসম্ভব দ্রুত এ কার্যক্রম বাস্তবায়ন করার জন্য, কৃষি মন্ত্রণালয়ের বরাদ্ধ পত্রে উল্লেখিত শর্তাবলির ৪ নং অনুচ্ছেদের ২, ৪, ৬, ৭, ৮, ৯, ১০, ১১ এবং ১২ নং বাস্তবায়ন পদ্ধতির নির্দেশনাসমূহ অনুসরণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | সভাপতি ও সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি, মুন্সীগঞ্জ। |

আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৭-০৬-২০২৬
সৈয়দা নুরমহল আশরাফী
জেলা প্রশাসক
ফোন : ০২-৯৯৭৭৩১১০০
ইমেইল : dcmunshiganj@mopa.gov.bd

তারিখ: ৩ আষাঢ় ১৪৩৩
১৭ জুন ২০২৬

**নম্বর:** ১২.০১.৫৯০০.০০০.০০০.৯৯.০০১৭.২৬.১২

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সীগঞ্জ।
২। জেলা মৎস্য কর্মকর্তা, মুন্সীগঞ্জ।
৩। জেলা প্রাণিসম্পদ অফিসার, মুন্সীগঞ্জ।
৪। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনষ্টিটিউট, মুন্সীগঞ্জ।।
৫। উপপরিচালক (বীজ), বিএডিসি,ঢাকা।।
৬। সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সীগঞ্জ।
৭। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সীগঞ্জ।
৮। অফিস কপি।।

১৭-০৬-২০২৬
কৃষিবিদ ড. মো: হাবিবুর রহমান
উপপরিচালক